# বিএনপির মনোনয়ন ফরম নিলেন আলোচিত ফারজানা সিঁথি



ফারজানা সিঁথি। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন জুলাই আন্দোলনের সময় আলোচনায় আসা ফারজানা সিঁথি।

শনিবার বিএনপির কেন্দ্রীয় কার্যালয় নয়াপল্টন থেকে তিনি মনোনয়ন ফরম সংগ্রহ করেন। ফরম নেওয়ার পর তিনি জানান, বিষয়টি নিয়ে তিনি পরে আনুষ্ঠানিকভাবে বিস্তারিত ব্রিফ করবেন। একই সঙ্গে তিনি বলেন, নড়াইল–২ আসন থেকে তিনি ফরম নিয়েছেন এবং চূড়ান্ত মনোনয়ন পাওয়ার ব্যাপারে আশাবাদী।

এর আগে ২০২৪ সালের আগস্টে শাহবাগ থানায় সেনাবাহিনীর এক কর্মকর্তার সঙ্গে কথাকাটাকাটির ঘটনায় তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনায় আসেন।

ফারজানা সিঁথির বাড়ি যশোরে। তিনি আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন 'দ্য হাঙ্গার প্রজেক্ট, বাংলাদেশ'-এর বরগুনা সদর শাখার সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। পাশাপাশি তিনি গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লায়েড হিউম্যান সায়েন্সের ২০১৯–২০ সেশনের শিক্ষার্থী।

LENS ASIA